



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪।

সূত্র: ১৬(৬৯৯) জাতী:বি:/ইন-ক্যাম্পাস মাস্টার্স/ভর্তি/২০১৪/১৭৭

তারিখ: ১৯ জুন, ২০১৪

ইন-ক্যাম্পাস মাস্টার্স প্রোগ্রামে সংশোধিত ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ে থিসিসসহ ইন-ক্যাম্পাস মাস্টার্স প্রোগ্রামে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে নিম্নবর্ণিত বিষয়ে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছেঃ

মাস্টার অব আর্টস(এমএ)	:	বাংলা ও ইতিহাস
মাস্টার অব সোশাল সায়েন্সেস(এমএসএস)	:	সমাজবিজ্ঞান
মাস্টার অব সায়েন্স(এমএসসি)	:	কম্পিউটার সায়েন্স
মাস্টার অব বিজনেস এডমিনিস্ট্রেশন(এমবিএ)	:	

১। ভর্তির যোগ্যতা

- জাতীয় বিশ্ববিদ্যালয় বা ইউজিসি কর্তৃক অনুমোদিত বাংলাদেশের যে কোন বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রীধারী। এম বি এ এর জন্য ০৪ (চার) বছর মেয়াদি বিবিএ/বিবিএস/বিকম স্নাতক (সম্মান)। দেশ-বিদেশের সমমানের পরীক্ষায় পাশ করা শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত নিয়ম-কানুন ও শর্ত অনুযায়ী মাস্টার্স কোর্সে পূর্ণকালীন শিক্ষার্থী হিসেবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে ভর্তি হতে পারবে। শিক্ষা জীবনে এসএসসি থেকে স্নাতক (সম্মান) ডিগ্রী পর্যন্ত অন্তত ১টি প্রথম বিভাগ/শ্রেণী ও অপর দু'টিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী বা CGPA (৫ এর মধ্যে কমপক্ষে ৩.৫০ এবং ৪ এর মধ্যে কমপক্ষে ২.৭৫) থাকতে হবে। তৃতীয় বিভাগ/শ্রেণী আবেদনযোগ্য নয়। জাতীয় বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত কলেজ/প্রতিষ্ঠান থেকে মাস্টার্স ডিগ্রীধারীগণও এই কোর্সে ভর্তি হতে পারবেন। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকগণও ভর্তি হতে পারবেন।
- বিশ্ববিদ্যালয়ের ভর্তির শর্তাবলি পূরণ করলে এবং সংশ্লিষ্ট বিষয়ে ভর্তি পরীক্ষায় কৃতকার্য হলে শিক্ষার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রস্তুতকৃত মেধা তালিকার ভিত্তিতে ভর্তি হতে পারবে।
- পূর্ণকালীন শিক্ষার্থী হিসেবে বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী একজন শিক্ষার্থী কেবলমাত্র একটি বিষয়ে ভর্তি হতে পারবে।

২। প্রোগ্রামের মেয়াদ

- কোর্স পদ্ধতিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ইন-ক্যাম্পাস মাস্টার্স প্রোগ্রাম এর মেয়াদ হবে ১ বছর ৬ মাস।
- এমবিএ-তে মোট ১০টি এবং অন্যান্য বিষয়ের প্রতিটিতে ৮টি তত্ত্বীয় কোর্স থাকবে।
- তত্ত্বীয় কোর্সের অতিরিক্ত ৪০০ নম্বরের থিসিস (এমবিএ-র জন্য থিসিস/ইন্টারগ্রেস) থাকবে। ২য় সেমিস্টার থেকে তত্ত্বীয় কোর্সের পাশাপাশি থিসিস/ইন্টারগ্রেসের কাজ শুরু হবে।
- প্রতিটি বিষয় ৩টি সেমিস্টারে বিভক্ত করে পাঠদান সম্পন্ন করা হবে, যেমন : ১ম সেমিস্টার, ২য় সেমিস্টার এবং ৩য় সেমিস্টার।
- সংশ্লিষ্ট বিষয়ের সিলেবাস অনুযায়ী প্রতি সেমিস্টারে ২০ সপ্তাহ পাঠদান কার্যক্রম, ১ (এক) সপ্তাহ পরীক্ষার প্রস্তুতি ও ৪ সপ্তাহ সেমিস্টার ফাইনাল পরীক্ষা গ্রহণ কার্যক্রম চলবে। প্রতি সেমিস্টার ফাইনাল পরীক্ষা শেষ হওয়ার ১ সপ্তাহের মধ্যেই পরবর্তী সেমিস্টারের ক্লাশ শুরু হবে এবং এজন্য শিক্ষার্থীদের নতুন সেমিস্টারে প্রবেশনাল শিক্ষার্থী হিসেবে তালিকাভুক্ত করা হবে।

৩। আবেদনের নিয়ম

- আগ্রহী প্রার্থীদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.edu.bd) এর মাধ্যমে আগামী ০১-০৬-২০১৪ থেকে ২৯-০৬-২০১৪ তারিখের মধ্যে আবেদন করতে হবে। আবেদনপত্র দাখিলের সময় প্রার্থীর পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি আপলোড করতে হবে। ছবির মাপ 120 X 150 pixels, Image type: JPG এবং File size: 50 KB (max.)। আবেদনপত্র সফলভাবে দাখিল হলে প্রার্থীগণ একটি PIN নম্বর সম্বলিত আবেদনপত্র প্রিন্ট করতে পারবেন। কোন ধরনের ভুল তথ্য উপস্থাপন করলে আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- আবেদন ফরমের ২টি অংশ থাকবে যার প্রথম অংশ বিশ্ববিদ্যালয়ের এবং দ্বিতীয় অংশ আবেদনকারীর। উক্ত আবেদনপত্রের প্রিন্টকৃত প্রার্থীর ছবির উপরে বিশ্ববিদ্যালয়ের ডীন/সংশ্লিষ্ট কর্মকর্তা সত্যায়ন করবেন। ফরমের নির্দিষ্ট স্থানে ডীন অফিসের সংশ্লিষ্ট কর্মকর্তা ও প্রার্থী স্বাক্ষর করবেন।
- আবেদনকারী অনলাইনে প্রিন্টআউটকৃত ফরম ও আবেদন ফি বাবদ ৫০০/- টাকার (“ভর্তি ফান্ড, জাতীয় বিশ্ববিদ্যালয়” শিরোনামে সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর) পে-অর্ডার/ডিডিসহ প্রয়োজনীয় কাগজপত্র বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট ডীন অফিসে আগামী ১৯-০৬-২০১৪ তারিখের মধ্যে জমা দিয়ে নিজের অংশ সংগ্রহ করবেন।
- আবেদন ফরম এবং ফি জমাদানের পর আবেদনকারী সংশ্লিষ্ট ওয়েবসাইটের Student Login করে ভর্তি পরীক্ষার জন্য প্রবেশপত্রের প্রিন্টআউট নিতে পারবেন। আবেদনপত্র ও ফি জমা ব্যতীত প্রবেশপত্র সংগ্রহ করা যাবে না।

পূরণকৃত আবেদন ফরমের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিতে হবে:

১. এসএসসি/সমমান হতে স্নাতক(সম্মান)/সমমান, প্রযোজ্য ক্ষেত্রে মাস্টার্স পর্যন্ত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত কপি;
২. স্নাতক (সম্মান)/সমমান, প্রযোজ্যক্ষেত্রে মাস্টার্স পরীক্ষায় পাস সংক্রান্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রশংসাপত্র;
৩. বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রীধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে ইউজিসি কর্তৃক সমতা নিরূপণের সনদপত্র।

বি: দ্র: প্রয়োজনীয় কাগজপত্র অসম্পূর্ণ থাকলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। ভর্তির সময় অবশ্যই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে মূল সনদ ও নম্বরপত্র প্রদর্শন করতে হবে। এতে ব্যর্থ হলে আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন।

৪। ফিসের বিবরণ

ক) ভর্তি ফি.....	৫০০/- (পাঁচশত) টাকা
খ) রেজিস্ট্রেশন ফি.....	১০০০/- (এক হাজার) টাকা
গ) মাসিক টিউশন ফি.....	১০০০/- (এক হাজার) টাকা
ঘ) লাইব্রেরী কশন মানি (ফেরতযোগ্য).....	৩০০০/- (তিন হাজার) টাকা
ঙ) সেশন ফি.....	২০০০/- (দুই হাজার) টাকা
চ) থিসিস সুপারভাইজিং ফি.....	১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা
ছ) ভর্তি বাতিল আবেদন ফি.....	৫০০/- (পাঁচশত) টাকা।

৫। ভর্তি পরীক্ষা ও রেজিস্ট্রেশনের সময়সীমা

ক) আবেদন ফরম প্রাপ্তি ও পূরণ করে জমা দেয়ার শেষ তারিখ	:	০১/০৬/২০১৪ থেকে ২৯/০৬/২০১৪
খ) ভর্তি পরীক্ষা অনুষ্ঠানের তারিখ	:	১০/০৭/২০১৪
গ) ভর্তি পরীক্ষায় উত্তীর্ণদের তালিকা প্রকাশ	:	১৭/০৭/২০১৪
ঘ) ভর্তি	:	২০/০৭/২০১৪ থেকে ২৪/০৭/২০১৪
ঙ) ক্লাশ শুরু তারিখ	:	০৩/০৮/২০১৪

** ভর্তি পরীক্ষার সকল কার্যক্রমের সময়সূচী, পরীক্ষা কেন্দ্রের নাম ও ফলাফল জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েব সাইট (www.nu.edu.bd) এর মাধ্যমে জানা যাবে।

** শিক্ষার্থীকে অবশ্যই প্রবেশপত্র (Admit Card) নিয়ে ভর্তি পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। পরীক্ষার্থী প্রয়োজনে সাইন্ডিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে। কিন্তু মোবাইল ফোন ও অন্যান্য ইলেক্ট্রনিক ডিভাইস সংগে রাখতে পারবে না।

বি: দ্র: নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই আবেদন ফরম গ্রহণ করা হবে না। বিলম্বে ভর্তির কোন প্রকার আবেদন গৃহীত হবে না।

৬। রেজিস্ট্রেশনের মেয়াদ

ইন-ক্যাম্পাস মাস্টার্স প্রোগ্রামের প্রতিটি বিষয়ে রেজিস্ট্রেশনের মেয়াদ সর্বোচ্চ ০৩(তিন) শিক্ষাবর্ষ। কোনক্রমেই রেজিস্ট্রেশনের মেয়াদ বৃদ্ধি বা নবায়ন করা হবে না।

৭। পাঠ্যক্রম ও পাঠ্যসূচী

ইন-ক্যাম্পাস মাস্টার্স প্রোগ্রামের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত পাঠ্যসূচী অনুসরণ করতে হবে।

৮। রেজিস্ট্রেশন ও পরীক্ষা সংক্রান্ত বিষয়ে শিক্ষার্থীগণ জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল ও সিডিকেট কর্তৃক গৃহীত যে কোনো সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবে।

৯। ভর্তি বিজ্ঞপ্তির যে কোন শর্ত বাতিল বা পরিবর্তনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বি: দ্র: ইন-ক্যাম্পাস মাস্টার্স প্রোগ্রাম ২০১৪-২০১৫ এর রেগুলেশন জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট (www.nu.edu.bd) এবং ভর্তি বিজ্ঞপ্তি উক্ত ওয়েব সাইটের নোটিশে পাওয়া যাবে।

স্বা:-

(প্রফেসর ড. সায়োদা বানু)

ডীন (ভারপ্রাপ্ত)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

টেলিফোন: ০২-৯২৯১০৭৪